

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৮৮৪

বিষয়: চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৪,০০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি (উপসূচি নং-১০৪/১)

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা ১৯-০৮-২০২৫ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৮৮১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৪,০০০ মে.টন ঢালা গমের জারিকৃত চলাচলসূচির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো। একইসাথে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি ও লট নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ (মে.টন)	রুট
১.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম লট নং ১(ক)	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ সাইলো	ঢালা গম	২০০০	নৌ পথ
২.	মীম শরণ কনস্ট্রাকশন	ঐ	ঐ	ঐ	ঐ	২০০০	ঐ
				মোট =		৪০০০	

নির্দেশনাসমূহ:

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, উপ-সূচি জারি/ বোঝাইয়ের পূর্বে জাহাজ/ কোস্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা, সার্ভে সার্টিফিকেট, বে-ক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/ যাচাই পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। পরিবহণ ঠিকাদার কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইতব্য পরিমাণ পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি চট্টগ্রাম/সাইলো অধীক্ষক চট্টগ্রাম দপ্তরে জমা দিয়ে গম পরিবহণ করবেন;

৩। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ সাক্ষর সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৬। এই সূচির মেয়াদ আগামী ২৭-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;

৭। প্রেরণকারী সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

৮। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২০-০৮-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৮৮৪/১ (৬)

তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। মেসার্স, মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম, নৌ পরিবহণ ঠিকাদার।



২০-০৮-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক